সমকাল

তারিখ 2 5 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ১

# ঢাবিতে চালু হলো নতুন তিন বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে নতুন তিনটি বিভাগ চালু করা হয়েছে। গতকাল রোববার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিভাগগুলো হলো- সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে ডিপার্টমেন্ট অব প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন স্টাডিজ, জীববিজ্ঞান অনুষদের অধীনে ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অধীনে ডিপার্টমেন্ট অব মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং।